1767 Z 1168 5000Rs.

INDIA NON JUDICIAL

५०००रु. Rs 5000

सत्यमेव जयते

भारत

पाँच हजार रूपये FIVE THOUSAND RUPEES

Admissible under Regn. Rule ... duly ... under the Indian Stamp Act ... as amended by Act ... 1913 and Section 31 of the Calcutta Improvement Act 1911, Schedule 1A No ...

Stamp duty Paid under the Indian Stamp Act 1899 as amended in 1976 Rs ... Additional duty Paid under the Calcutta Improvement Act 1911 ... Excess ... Total Rs ... Paid ...

মং ১,৯০,০০০.০০ একলাখ নব্বই হাজার টাকা মূল্যের

নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা দলিল ।।

**********************************

কোবালা গ্রহিতা :- শ্রী সন্তোষ চন্দ্র চৌধুরী, পিতা স্বর্গীয় সতীশ চন্দ্র চৌধুরী, জাতি হিন্দু, পেশা ব্যবসা, সাং ২ নং স্বামী বিবেকানন্দ রোড, থানা যাদবপুর, কলিকাতা-৭০০০৩২ ।

*****************

**************************************************

কোবালা দাতা :- শ্রী রথেন্দু কুমার চক্রবর্তী, পিতা স্বর্গীয় জীতেন্দ্র কুমার চক্রবর্তী, জাতি হিন্দু, পেশা চাকুরী, সাং ২৩-নিউ সাউথ পার্ক, কাজী পাড়া, থানা যাদবপুর, কলিকাতা-৩২ ।

*****************

পক্ষে :-

S. No.
Sold to Sri/Smt. ...
Swami Vivekananda Road
of ... Cal 32
Rs. 5400/- ... 12.3.93

Stamp Vendor
South 24-Parganas
Alipore

Rs. 45000 x 5 = 225000/-
3000 x 2 = 6000/-
30/-
Rs. 231030/-
Rupees two lakhs thirty one thousand & thirty only

Presented for Registration at 10.4 A.M./P.M. on the 12th day of March 1993 at the Sadar Registration Office at Alipore, South 24-Parganas by ... Executant / Claimant as one of the Executants / Claimants or Attorney for Manas Kr. Mukherjee, Executant / Claimant under a power of attorney No. ... ... by the ...

1747

1748

① Ramendra Kr Chakravarty
S/o Lt. Jitendra Kr Chakravarty
of 35 New Santoshpur Rd. Jadavpur Cal 32
by caste Hindu by occupation Service
Executing

Manas Kr Mukherjee
S/o Lt. Bibhuti Bhushan Mukherjee of C-6, 213 Salt Lake Cal 91, by caste Hindu by occupation ...
as constituted attorney for Ramendra Kr Chakravarty
... by ...

Sourish Bose
Tarapada Bose
2 No Swami Bibekananda Rd. Cal 32
Jadavpur.

12/3/93

5000Rs.

INDIA NON JUDICIAL

५000रु.

Rs 5000

सत्यमेव जयते

भारत

पाँच हजार रुपये FIVE THOUSAND RUPEES



পক্ষে :-

বিগত ইংরাজী ১৯৯৩ সালের ৩০শে জানুয়ারী তারিখে আমেরিকার নিউ জার্সি অফিসের ০০০০৩৭৪ নং একেতা জেনারেল পাওয়ার অফ এটর্ণী মূলে ক্ষমতা প্রাপ্ত আমমোক্তার :-

শ্রী মানস কুমার মুখার্জী, পিতা স্বর্গীয় বিভূতিভূষন মুখার্জী, জাতি হিন্দু, পেশা চার্টার্ড এ্যকাউন্টেন্ট, সাং সি,জি-২৮৩, সল্টলেক, থানা সল্টলেক, কলিকাতা-৭০০০৯১।

******************************************

কনফার্মিং পার্টি বা সমর্থনকারী দাতা :-

শ্রী রনেন্দু কুমার চক্রবর্তী, পিতা স্বর্গীয় জীতেন্দ্র কুমার চক্রবর্তী, জাতি হিন্দু, পেশা চাকুরী, সাং ৩৯-নিউ সাউথ পার্ক, থানা যাদবপুর, কলিকাতা-৭০০০৯১।

******************************************

1553 (8)

Sl. No.
Sold to [illegible] Santosh Kr. Chowdhury
2 Swami Vivekananda Road,
Vi... Pct. 37
Rs. 5000/- 22.3.16.3.17

[illegible] 16/3/17

Stamp Clerk,
South 24-Parganas
Alipore

Rs 5000x5 = 25000/-
" 3000x2 = 6000/-
" 30/-
Rs 31030/-

INDIA NON JUDICIAL

५000रु. Rs 5000

सत्यमेव जयते

भारत

पाँच हजार रुपये FIVE THOUSAND RUPEES

১০।

কস্য সাবেক যথা স্বত্বাধিকারী চিরস্থায়ী, দান ক্রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট স্বত্বের সংশ্লিষ্ট থাকা অবস্থায় আমার খরিদা সূত্রে প্রাপ্ত নিম্ন বর্ণিত ৬ ছয় কাঠা ১১ এগার ছটাক ১০ দশ স্কোয়ার ফুট বাস্তু জমি, যাহার দক্ষিণ দিকের ১৬' ষোল ফুট এবং পশ্চিম দিকের ১২' বার ফুট প্রশস্ত কর্পোরেশন রাস্তা, উক্ত জমি সায় তদুপরিস্থিত একটি বারান্দা সহ তিনটি বেডরুম, একটি রান্না ঘর ও দুইটি বাথরুম বিশিষ্ট একটি একতল ঘর সায় যাবতীয় আকর আওলাতাদি সহ সম্পূর্ণ নিষ্কায় ও নির্দোষ অবস্থায় নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা দলিল পত্র মিদং কার্য্যঞ্চাগে :-

5000Rs.

INDIA NON JUDICIAL

৫০০০রু. Rs 5000

सत्यमेव जयते

भारत

पाँच हजार रुपये FIVE THOUSAND RUPEES

১৪।

জেলা দক্ষিণ ২৪ পরগণা, পরগণা খাসপুর, থানা সাবেক সদর টালিগঞ্জ, হাল যাদবপুর, সাব-রেজিস্ট্রী অফিস আলিপুর, বর্তমানে দি কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের ১০২ নং ওয়ার্ডের ২৩-নিউ সাউথ পার্ক, কাজীপাড়া, কলিকাতা-৩২ প্রেমিসেস ভুক্ত ঐ জেলা কালেক্টারীর ১৩৫ নং তৌজির, রে,সা, নং ২৯, জে,এল, নং ৩৪, মৌজা বাদেরায়পুর গ্রামের বিগত ডিষ্ট্রিক্ট সার্ভে সেটেলমেন্ট জরিপের ৬৭ নং খতিয়ানের মধ্যে স্বত্বাধিকারী চিরস্থায়ী স্বত্বের ১.০৪ শতক জমি যাহা হাল রিভিসনাল সার্ভে সেটেলমেন্ট জরিপের উক্ত ৬৭ নং খতিয়ান হইতে খণ্ড হইয়া ৩১৩ নং খতিয়ানের বার্ষিক

5000Rs.

INDIA NON JUDICIAL

५000रु. Rs 5000

सत्यमेव जयते

भारत

पाँच हजार रुपये FIVE THOUSAND RUPEES

১২ টাকা ১ আনা ৩ পাই খাজনার খাস .৭৭ শতক জমিরূপে রেকর্ড ভুক্ত হইয়াছে। উক্ত সাবেক ৩৭, হাল ৩২৩ নং খতিয়ানের অধীন সাবেক ডিস্ট্রীক্ট সার্ভে সেটেলমেন্ট ও হাল রিভিসনাল সার্ভে সেটেলমেন্ট জরিপের ৬৩০ নং দাগের .২৬ শতক বাস্তু জমি সহ উক্ত খতিয়ানের অন্যান্য কয়েকটি দাগের আরও কিছু সম্পত্তি ডিস্ট্রীক্ট সেটেলমেন্ট জরিপের বহু পূর্ব্ব হইতেই জৈনক কাজী ফারুক হোসেনের একক ষোল আনা রকম অংশের নির্ব্যূঢ় স্বত্বের খাস দখলীয় সম্পত্তি থাকে।

3000 Rs.

INDIA NON JUDICIAL

३000 रु.

Rs 3000

सत्यमेव जयते

भारत

तीन हजार रुपये THREE THOUSAND RUPEES

১৬।

অতঃপর উক্ত সম্পত্তি উক্ত কাজী ফারাক হোসেনের খাস দখলীয় সম্পত্তি থাকা অবস্থায় এবং তিনি উক্ত সম্পত্তির একক ষোল আনা রকম অংশের মালিক দখলীকার থাকা অবস্থায় তিনি তাহার একমাত্র পুত্র কাজী মৈনজান, ওরফে মোখনজান ও দুই কন্যা যথাক্রমে মানেয়া, ওরফে মোমেনন্নেছা বিবি ও ওমিয়েতন্নেছা, ওরফে নুরন্নেছা বিবি এই মোট এক পুত্র ও দুই কন্যাদিগকে কেবল মাত্র ওয়ারিশ উত্তরাধিকারী ও উত্তরাধিকারিনী রাখিয়া এবং কোন প্রকার উইলাদি সম্পাদন না করিয়া পরলোক গমন করেন ।

3000Rs.

INDIA NON JUDICIAL

३000रु. Rs 3000

सत्यमेव जयते

भारत

तीन हज़ार रुपये THREE THOUSAND RUPEES

অতঃপর উক্ত কাজী ফারাক হোসেন তাহার উক্ত উল্লিখিত এক পুত্র ও দুই কন্যাদিগকে তাহার কেবল মাত্র ওয়ারিশ উত্তরাধিকারী ও উত্তরাধিকারিনী বিদ্যমান রাখিয়া পরলোক গমন করিলে পর তাহার পুত্র কন্যাদের মধ্যে মুসলমান কানুন অনুসারে পুত্র ফরজান তাহার পিত্যক্ত সম্পত্তি ৮ আট আনা রকম অংশ এবং কন্যাদের মধ্যে প্রত্যেকে ৪ চার আনা অংশ অর্থাৎ মালেকা বিবি তাহার পিত্যক্ত সম্পত্তির মধ্য হইতে ৪ চার আনা এবং জমিয়তন্নেছা বিবি ৪ চার আনা রকম অংশ হিসাবে প্রাপ্ত হইয়া তাহারা উল্লিখিত তিন ভ্রাতা-ভগ্নি উক্ত অংশ হিসাবে এজমালীতে ভোগ দখল করিতে থাকেন।

30 Rs.

तीस रुपये

भारत INDIA

THIRTY RUPEES

३०रु. 30RS

।৮।

অতঃপর উক্ত সম্পত্তি উক্ত ফজেরজান ৮ আট আনা, সানেয়া বিবি ৪ চা
আনা ও জমিয়তুন্নেছা বিবি ৪ চার আনা রকম অংশ হিসাবে ভোগ দখল করি
থাকা অবস্থায় বিগত ডিষ্ট্রীক্ট সার্ভে সেটেলমেন্ট রেকর্ডে উক্ত বাদেরায়পুর
মৌজার ৬৭ নং খতিয়ানের মোট জমি মধ্যে সাবেক ও হাল ৬০০ নং দাগে
১৬ শতক জমি সহ আরও কয়েকটি দাগের ষোল আনা জমি কাজী ফজেরজানে
নাম বরাবর ১ এক আনা ১০ দশ গণ্ডা, জমিয়েতুন্নেছার নাম বরাবর ১০ গ
গণ্ডা ও মোনেওয়ান বিবির নাম বরাবর ১৫ পনর গণ্ডা হিসাবে দখল নি
হয়।

উক্ত রেকর্ড অনুসারে উক্ত বাদেরায়পুর মৌজার সাবেক ৬৭, হাল

।১।

খতিয়ানের সাবেক ও হাল ৬৫০ নং দাগের .১৬ শতক জমির ৮আট আনা অংশ হিসাবে .০৮ আট শতক, ফনজান ওরফে মোখলজান মৃত্যুবান হন এবং বাকী ৮ আট আনা অর্থাৎ .০৮ শতক জমির ৪ চার আনা অর্থাৎ .০৪ চার শতক মোনেজানন্নেছা বিবি এবং অপর ৪ চার আনা অর্থাৎ .০৪ চার শতক জমি নূরন্নেছা বিবি মৃত্যুবান ও মৃত্যুবতী হইয়া খাস দখলে রাখিয়া ভোগ দখল করিতে থাকেন ।

তৎপর মোনেজানন্নেছা বিবি তাহার একমাত্র পুত্র ফকির মহম্মদকে কেবল মাত্র ওয়ারিশ উত্তরাধিকারী রাখিয়া পরলোক গমন করিলে পর উক্ত ফকির মহম্মদ তাহার মায়ের ওয়ারিশান সূত্রে উক্ত বর্ণিত সাবেক ও হাল ৬৫০ নং দাগের ৪ চার আনা অংশ হিসাবে .০৪ চার শতক জমি প্রাপ্ত হইয়া ভোগ দখল করিতে থাকেন ।

অতঃপর উক্ত ফকির মহম্মদ উক্ত প্রকারে উক্ত .০৪ শতক জমির মালিক দখলীকার নিযুক্ত হইয়া তাহা ভোগ দখল করিতে থাকা অবস্থায় তাহার নগদ অর্থের আবশ্যকে তাহার উক্ত প্রাপ্ত .০৪ শতক জমি বিক্রয় করার ঘোষণা করিলে অশোক পার্ক সিন্ডিকেট তাহা বিগত ইংরাজী ১৯৪৬ সালের একবেতা সাফ বিক্রয় কোবালা দলিল মূলে খরিদ করিয়া তাহার মালিক দখলীকার নিযুক্ত হন ।

অতঃপর উক্ত অশোক পার্ক সিন্ডিকেট উক্ত বর্ণিত .০৪ শতক জমির মালিক দখলীকার নিযুক্ত হইয়া ভোগ দখল করিতে থাকা অবস্থায় তাহা বিক্রয় করার ঘোষণা করিলে শ্রী সুবোধ চন্দ্র চন্দ মহাশয় তাহা বিগত ইংরাজী ১৯৫৪ সালের ২২শে এপ্রিল তারিখে একবেতা সাফ বিক্রয় কোবালা দলিল মূলে খরিদ করিয়া

উক্ত বর্ণিত সাবেক ও হাল ৬০০ নং দাগের .০৪ শতক জমির মালিক দখলীকার নিযুক্ত হন।

অতঃপর উক্ত শ্রী সুবোধ চন্দ্র চন্দ্র মহাশয় উক্ত প্রকারে উক্ত .০৪ শতক জমির খরিদ সূত্রে মালিক দখলীকার নিযুক্ত হইয়া ভোগ দখল করিতে থাকা অবস্থায় তিনি তাহা বিক্রয় করার ঘোষণা করিলে জনৈক শ্রী মনিলাল চক্রবর্তী মহাশয় তাহা বিগত ইংরাজী ১৯৬৪ সালের ২৪শে আগস্ট তারিখে আলিপুর সাব-রেজিস্ট্রী অফিসের রেজিস্ট্রীকৃত একখেতা সাফ বিক্রয় কোবালা দলিল মূলে খরিদ করিয়া উক্ত বর্ণিত সাবেক ও হাল ৬০০ নং দাগের .০৪ শতক জমির মালিক দখলীকার নিযুক্ত হইয়া ভোগ দখল করিতে থাকেন।

তৎপর উক্ত বর্ণিত সাবেক ও হাল ৬০০ নং দাগের .১৬ শতক জমির বাকী ১২ বার আনা রকম অংশের মধ্য হইতে ৮ আট আনা রকম অংশের অর্থাৎ .০৮ শতক জমির মালিক কাজী ফনেজান একক ভোগ দখলীকার থাকা অবস্থায় তিনি তাহার দুই বিধবা পত্নী মুজিদনন্নেছা বিবি ও মুজিয়ন্নেছা বিবি এবং মুজিয়ন্নেছা বিবির গর্ভজাত ৪ চার পুত্র যথাক্রমে ১। কাজী আমির হোসেন ২। কাজী আমজেদ হোসেন ৩। কাজী আবদুল হোসেন ও ৪। কাজী আক্তার হোসেন এবং ১ এক কন্যা হনিমনন্নেছা বিবি এবং অপর পত্নী মুজিদনন্নেছা বিবির গর্ভজাত ১ এক পুত্র কাজী আহম্মদ হোসেন এবং ৪ চার কন্যা যথাক্রমে ১। জুদি বিবি ২। মাহমুদা বিবি ৩। নাখাকা বিবি ও ৪। হোসেন আরা বিবি এই মোট দুই পত্নী, পাঁচ পুত্র ও

পাঁচ কন্যা এই মোট ১২ বার জনকে ওয়ারিশ উত্তরাধিকারী ও উত্তরাধিকারিনী বিদ্যমান রাখিয়া পরলোক গমন করেন।

তৎপর কিছু দিন বাদে উক্ত ফনেজানের দুই পত্নী মুজিদনেছা বিবি ও মুজিয়নেছা বিবি পর পর মারা যান এবং তাহার অর্থাৎ উক্ত ফনৈজানের উক্ত বর্ণিত ৮ আট আনা রকম অংশীয় সম্পত্তি অর্থাৎ উক্ত মাবেক ও হাল ৬৫০ নং দাগের .১৬ শতক জমির মধ্যে .০৮ আট শতক জমি উক্ত ফনেজানের উক্ত বর্ণিত দুই পত্নীর গর্ভজাত ৫ পাঁচ পুত্র ও ৫ পাঁচ কন্যা পৈত্রিক ওয়ারিশ উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত হইয়া ভোগ দখল করিতে থাকেন।

তৎপর উক্ত ফনৈজানের দুই পত্নীর গর্ভজাত ১০ দশ পুত্র-কন্যা যথাক্রমে ১। কাজী আমির হোসেন ২। কাজী আমজেদ হোসেন ৩। কাজী আবুল হোসেন ৪। কাজী আক্তার হোসেন ৫। কাজী আহম্মদ হোসেন ৬। হানিফনেছা বিবি ৭। জুদি বিবি ৮। মাহমুদা বিবি ৯। নাপাকা বিবি ও ১০। হোসেন আরা বিবি তাহাদের পৈত্রিক ওয়ারিশান সূত্রে প্রাপ্ত উক্ত বর্ণিত .০৮ শতক জমি প্রাপ্ত হইয়া এজমালে ভোগ দখল করিতে থাকা অবস্থায় তাহাদের উক্ত ৫ পাঁচ ভ্রাতার মধ্য হইতে কাজী আবুল হোসেন অবিবাহিত অবস্থায় পরলোক গমন করিলে পর তাহাদের পৈত্রিক ওয়ারিশান সূত্রে প্রাপ্ত উক্ত বর্ণিত .০৮ শতক সম্পত্তি তাহাদের উপর ৪ চারি ভ্রাতা ও ৫ পাঁচ ভগ্নিদের মধ্য হইতে ৪ চার ভ্রাতা প্রত্যেকে উক্ত সম্পত্তির ২ দুই আনা ১ নয় গণ্ডা ১ এক কড়া ১ এক ক্রান্তি রকম অংশে এবং ৫ পাঁচ ভগ্নি প্রত্যেক

তৎকালীন মুসলিম কানুন অনুসারে ভ্রাতাদের অংশাংশ মত প্রত্যেকে ১ এক আনা ৪ চার গন্ডা ২ দুই কড়া ২ দুই ক্রান্তি ক্রয় অংশ হিসাবে ২/৩ ক্রয় অংশ ৪ চার ভ্রাতা; এবং বক্রী ১/৩ অংশ ৫ পাঁচ ভগ্নি প্রাপ্ত হইয়া এজমালীতে ভোগ দখল করিতে থাকেন।

ততঃপর উক্ত ৪ চার ভ্রাতা প্রত্যেকে উক্ত .০৮ শতক জমির ২ আনা ৯ গন্ডা ১ কড়া ১ ক্রান্তি অংশ হিসাবে ভোগ দখলীকার থাকেন এবং উক্ত ৪ চার ভ্রাতার মধ্য হইতে কাজী আহম্মদ হোসেন ইতিপূর্ব্বে বিগত ইংরাজী ১৯৪০ সালের ১২ই ডিসেম্বর তারিখে সম্পাদিত এবং ১৯৪১ সালের ২৬শে ফেব্রুয়ারী তারিখে রেজিষ্ট্রী-কৃত আলিপুর সদর রেজিষ্ট্রী অফিসের ১ নং বহির ৫৫ নং ভলুমের ৩৫ হইতে ৪৭ নং পৃষ্ঠায় লিপিবদ্ধ ১৫২৫ নং একেতো হেবাবিল এওয়াজ নামা দলিল মূলে তাহার ফুফু অর্থাৎ পিসিমাতা নুরন্নেছা বিবি, ওরফে জমিরুন্নেছা বিবির প্রাপ্ত স্বত্ব দখলীয় উক্ত বর্ণিত .১৬ শতক জমির ৪ চার আনা অংশ অর্থাৎ .০৪ শতক জমি দান হিসাবে প্রাপ্ত হন।

ততঃপর উক্ত কাজী আহম্মদ হোসেন তাহার পিসিমাতা নুরন্নেছা বিবির নিকট হইতে দান সূত্রে প্রাপ্ত উক্ত ৪ চার আনা অংশ হিসাবে .০৪ শতক এবং তাহার পৈত্রিক ওয়ারিশান সূত্রে প্রাপ্ত .০৮ শতক জমির ২ আনা ৯ গন্ডা ১ কড়া ১ ক্রান্তি হিসাবে .০১২৩ শতক একুনে মোট উক্ত বাদেরায়পুর মৌজার সাবেক ৬৭ হাল ৩২৩ নং খতিয়ানের অধীন সাবেক ৩ হাল ৬৫৫ নং দাগের .০৫২৩ শতক জমি

মালিক দখলীকার নিযুক্ত হন এবং তাহার অপর তিন ভ্রাতা প্রত্যেকে পৈত্রিক ওয়ারিশান সূত্রে প্রাপ্ত .০৮ শতক জমির মধ্য হইতে ২ আনা ১ গন্ডা ১ কড়া ১ ক্রান্তি হিসাবে কাজী আমজেদ হোসেন .০১২৩ শতক, কাজী আক্রাম হোসেন .০১২৩ শতক এবং কাজী আমির হোসেন .০১২৩ শতক সম্পত্তি প্রাপ্ত হইয়া ভোগ দখল করিতে থাকেন ।

অতঃপর উক্ত বাদেরায়পুর মৌজার সাবেক ৬৭, হাল ৩২৩ নং খতিয়ানের অধীন সাবেক ও হাল ৬৫০ নং দাগের .৯৬ শতক জমির মধ্য হইতে কাজী আহম্মদ হোসেন .০৫২৩ শতক, কাজী আমজেদ হোসেন .০১২৩ শতক, কাজী আক্রাম হোসেন .০১২৩ শতক এবং কাজী আমির হোসেন .০১২৩ শতক জমি ভোগ দখল করিতে থাকা অবস্থায় কাজী আমির হোসেন তাহার প্রাপ্ত অংশীয় স্বত্ব দখলীয় .০১২৩ শতক জমি বিক্রয় করার ঘোষণা করিলে কাজী খায়রুল আলম মহাশয় তাহা বিগত ইংরাজী ১৯৬৫ সালের ৩রা ফেব্রুয়ারী তারিখে একবেতা কোবালা দলিল মূলে খরিদ করিয়া উক্ত কাজী আমির হোসেনের অংশের মালিক স্বত্বাধিকারী নিযুক্ত হইয়া অন্যান্য শরিকদের সহিত ভোগ দখল করিতে থাকেন ।

অতঃপর উক্ত বর্ণিত .৯৬ শতক জমির মধ্য হইতে কাজী আহম্মদ হোসেন .০৫২৩ শতক, কাজী আমজেদ হোসেন .০১২৩ শতক, কাজী আক্রাম হোসেন .০১২৩ শতক, কাজী খায়রুল আলম মহাশয় .০১২৩ শতক একুনে উক্ত ৪ চার শরিক .০৮৯২ শতক জমির মালিক দখলীকার থাকেন এবং ৫ পাঁচ জমির মধ্য হইতে ৪ চার জমি

যথাক্রমে ভুদি বিবি, হোসেন আরা বিবি, হানিফনেছা বিবি, মাহামুদা বিবি তাহাদের উক্ত বর্ণিত পৈত্রিক ওয়ারিশান সূত্রে প্রাপ্ত .০৮ শতক জমির মধ্য হইতে মুছলিম ফারাজ অনুসারে তাহাদের ভ্রাতাদের অপেক্ষা অর্ধাংশীয় অর্থাৎ ১ এক আনা ৪ চার গণ্ডা ২ দুই কড়া ২ দুই ক্রান্তি হিসাবে প্রত্যেকে .০০৬১½ শতক হিসাবে উক্ত ৪ চার ভগ্নি .০২৪৬ শতক জমি প্রাপ্ত হন এবং অপর ভগ্নি নাজিমা বেগম তাহার কেবল মাত্র ২ দুই কন্যা ১। আনোয়ারা বেগম ও ২। আফসারী বেগমকে ওয়ারিশ উত্তরাধিকারিনী রাখিয়া এবং কোন প্রকার উইলাদি সম্পাদন না করিয়া পরলোক গমন করিলে পর তাহার উক্ত দুই কন্যা মাতৃত্যাক্ত উক্ত বর্ণিত .০৮ শতক জমির ১ আনা ৪ গণ্ডা ২ কড়া ২ ক্রান্তি স্বত্ব অংশে .০০৬১½ শতক জমি প্রাপ্ত হইয়া উল্লিখিত শরিকদের সহিত ভোগ দখল করিতে থাকেন।

তৎপর উক্ত বর্ণিত বাদেরায়পুর মৌজার সাবেক ৬৭, হাল ৩৬ নং খতিয়ানের অধীন সাবেক ও হাল ৬৩ নং দাগের .১৬ শতক জমির মধ্য হইতে উক্ত বর্ণিত প্রকারে কাজী আহম্মদ হোসেন .০১২৩ শতক, কাজী আমজেদ হোসেন .০১২৩ শতক, কাজী আক্তার হোসেন .০১২৩ শতক, কাজী খায়রুল আলম .০১২৩ শতক এবং ভুদি বিবি .০০৬১½ শতক, হোসেন আরা বিবি .০০৬১½ শতক, হানিফনেছা বিবি .০০৬১½ শতক, মাহামুদা বিবি .০০৬১½ শতক এবং আনোয়ারা বেগম ও আফসারী বেগম যৌথ ভাবে .০০৬১½ শতক একুনে উক্ত ১০ দশ শরিক উক্ত .১৬

শতক জমির ১২ বার আনা ক্রয় অংশ হিসাবে .১১১১$\frac{১}{৭}$ শতক জমির মালিক দখলীকার ও দখলকারিনী থাকেন।

বকী ৪ চার আনা অংশের .০৪ শতক সম্পত্তি মনিলাল চক্রবর্ত্তী মহাশয় পূর্ব্বে উল্লিখিত প্রকারে উক্ত বর্ণিত শরিকদের পূর্ব্বাধিকারিনী সোলেজান বিবির অংশ খরিদা সূত্রে মালিক দখলীকার নিযুক্ত থাকেন।

অতঃপর উক্ত উল্লিখিত শরিকগণ উক্ত প্রকারে উক্ত বর্ণিত .১৬ শতক সম্পত্তির মালিক দখলীকার ও দখলকারিনী থাকা অবস্থায় উক্ত শরিকদের মধ্য হইতে কাজী আহম্মদ হোসেনের উক্ত সাবেক ও হাল ৬৫০ নং দাগের তাহার স্বত্ব দখলীয় .০৫২৩ শতক জমি বিক্রয় করার ঘোষণা করিলে শ্রী কালী নারায়ণ ভট্টাচার্য্য ও শ্রী বিমলেন্দু গুপ্ত মহাশয়দ্বয় তাহা বিগত ইংরাজী ১৯৬৫ সালের ১১ই মে, তারিখে বেহালা সাব-রেজিষ্ট্রী অফিসের রেজিষ্ট্রীকৃত ২৪০৭ নং একবেতা সাফ বিক্রয় কোবালা দলিল মূলে খরিদ করিয়া তাহার মালিক দখলীকার নিযুক্ত হইয়া ভোগ দখল করিতে থাকেন।

উক্ত বর্ণিত সাবেক ও হাল ৬৫০ নং দাগের .১৬ শতক জমির অপর ৩ তিন শরিক কাজী আবজেদ হোসেনের .০১২৩ শতক, কাজী আক্রাম হোসেনের .০১২৩ শতক, কাজী খায়রুল আনমের .০১২৩ শতক মোট .০৩৬৯ শতক জমি বিক্রয় করার ঘোষণা করিলে তাহা উক্ত ইংরাজী ১৯৬৫ সালের ১১ই মে, তারিখে আলিপুর সাব-রেজিষ্ট্রী অফিসের রেজিষ্ট্রীকৃত ৩২৪১ নং একবেতা সাফ বিক্রয় কোবালা

5000Rs.

১৬১

দলিল মূলে উক্ত সুবোধ চন্দ্র চন্দ মহাশয় খরিদ করিয়া উক্ত তিন শরিকের .০৩৬১ শতক জমির মালিক দখলীকার নিযুক্ত হইয়া তাহা ভোগ দখল করিতে থাকেন।

অতঃপর উক্ত বর্ণিত দুইকেতা কোবালা দলিল মূলে উক্ত বর্ণিত সাবেক ও হাল ৬৫০ নং দাগের .২৬ শতক জমির অংশাংশের ৪ চার শরিক কাজী আমজেদ হোসেন, কাজী আক্তার হোসেন, কাজী খায়রুল আলমের ও কাজী আহম্মদ হোসেনের প্রাপ্ত স্বত্ব দখলীয় .০৮১২ শতক বা স্থানীয় পরিমাপে কমবেশ ৫ পাঁচ কাঠা ৬ ছয় ছটাক জমি উক্ত কালী নারায়ণ ভট্টাচার্য, শ্রী বিমলেন্দু পাল ও শ্রী সুবোধ চন্দ্র চন্দ মহাশয়গণ খরিদ করিয়া মালিক দখলীকার নিযুক্ত হন।

তৎপর উক্ত বর্ণিত .২৬ শতক জমির মধ্য হইতে পূর্ব্ব বর্ণিত .০৪ শতক জমির ক্রেতা শ্রী মনিলাল চক্রবর্তী মহাশয়ের খরিদা উক্ত জমির গঠন সুন্দর করিবার জন্য তিনি উক্ত তিন শরিক শ্রী কালী নারায়ণ ভট্টাচার্য, শ্রী বিমলেন্দু পাল ও শ্রী সুবোধ চন্দ্র চন্দ মহাশয়ের নিকট হইতে তাহাদের খরিদা উক্ত ৫ পাঁচ কাঠা ৬ ছয় ছটাক জমির মধ্য হইতে ১ এক কাঠা ২ দুই ছটাক ১০ দশ স্কোয়ার ফুট জমি খরিদ করেন এবং তাহাদের ৪ চার কাঠা ৩ তিন ছটাক ৩৫ পঁয়ত্রিশ স্কোয়ার ফুট অবশিষ্ট থাকে। কিন্তু সকলের সুবিধার্থেই উক্ত তারিখেই উক্ত মনিলাল চক্রবর্তী তাহার খরিদা উক্ত .০৪ শতক জমির মধ্য হইতে অন্য দিকের ১১ এগার ছটাক জমি উক্ত শ্রী কালী নারায়ন ভট্টাচার্য, শ্রী সুবোধ চন্দ্র চন্দ ও শ্রী বিমলেন্দু পাল

মহাশয়ের নাম বরাবর একখেতা সাফ বিক্রয় কোবালা দলিল মূলে বিক্রয় করিয়া দেন।

উল্লিখিত উপরোক্ত প্রকারে উক্ত শ্রী কালী নারায়ণ ভট্টাচার্য্য, শ্রী বিমলেন্দু গুহ ও শ্রী সুবোধ চন্দ্র চন্দ মহাশয়গণ খরিদ এবং বিক্রয়ের পর উক্ত সাবেক ও হাল ৬৩৩ নং দাগের ৪ চার কাঠা ১৪ চৌদ্দ ছটাক ৩৫ পঁয়ত্রিশ স্কোয়ার ফুট জমির মালিক দখলীকার নিযুক্ত হইয়া ভোগ দখল করিতে থাকেন।

তৎপর উক্ত শ্রী কালী নারায়ণ ভট্টাচার্য্য, শ্রী বিমলেন্দু গুহ ও শ্রী সুবোধ চন্দ্র চন্দ মহাশয়গণের উক্ত খরিদা বাদেরায়পুর মৌজার সাবেক ৬৭, হাল ৩৬৩ নং খতিয়ানের অধীন সাবেক ও হাল ৬৩৩ নং দাগের উক্ত ৪ চার কাঠা ১৪ চৌদ্দ ছটাক ৩৫ পঁয়ত্রিশ স্কোয়ার ফুট জমির সংলগ্ন উক্ত মৌজার হাল ৩০৪ নং খতিয়ানের অধীন $\frac{৬৪৭}{৬১২}$ নং দাগের .০৪ শতক জমি জনৈক আবদুল জব্বার মহাশয়ের স্বত্ব দখলীয় জমি থাকা অবস্থায় তিনি তাহার মধ্য হইতে .০১ শতক বা কমবেশ ১০ দশ ছটাক ১০ দশ স্কোয়ার ফুট জমি বিক্রয় করার ঘোষণা করিলে উক্ত শ্রী কালী নারায়ণ ভট্টাচার্য্য, শ্রী বিমলেন্দু গুহ ও শ্রী সুবোধ চন্দ্র চন্দ মহাশয়গণ তাহা বিগত ইংরাজী ১৯৬৫ সালের ২০শে মে, তারিখে আলিপুর সাব-রেজিষ্ট্রী অফিসের রেজিষ্ট্রীকৃত ৪১১৬ নং একখেতা সাফ বিক্রয় কোবালা দলিল মূলে খরিদ করিয়া তাহার মালিক দখলীকার হিসাবে ভোগ দখল করিতে থাকেন।

অত:পর উক্ত প্রকারে উক্ত শ্রী কালী নারায়ণ ভট্টাচার্য্য, শ্রী বিমলেন্দু গুহ

১৮।

ও শ্রী সুবোধ চন্দ্র চন্দ মহাশয়গণ উক্ত বাদেরায়পুর মৌজার সাবেক ৬৭, হাল ৩৬৩ নং খতিয়ানের অধীন সাবেক ৩ হাল ৬৫৩ নং দাগের ৪ চার কাঠা ১৪ চৌদ্দ ছটাক ৩৫ পঁয়ত্রিশ স্কোয়ার ফুট এবং হাল ৩৬৪ নং খতিয়ানের অধীন "৬৪৭/৬৯২" নং দাগের ১০ দশ ছটাক ১০ দশ স্কোয়ার ফুট জমি একুনে মোট দুইটি খতিয়ানের অধীন দুইটি দাগের ৫ পাঁচ কাঠা ৯ নয় ছটাক জমি খরিদ করিয়া খরিদা সূত্রে উহার মালিক নিযুক্ত হইয়া একলপ্ত করিয়া উহা অন্যের বিনা স্বত্ব সংশ্রবে খাস দখলে রাখিয়া ভোগ দখল করিতে থাকেন।

অতঃপর উক্ত শ্রী কালী নারায়ণ ভট্টাচার্য, শ্রী বিমলেন্দু গুহ ও শ্রী সুবোধ চন্দ্র চন্দ মহাশয়গণ উক্ত প্রকারে উক্ত বর্ণিত ৫ পাঁচ কাঠা ৯ নয় ছটাক জমির মালিক দখলীকার হিসাবে ভোগ দখল করিতে থাকা অবস্থায় তাহাদের উক্ত সম্পত্তি বিক্রয় করার ঘোষণা করিলে ১৭।এফ, বালিগঞ্জ স্টেশান রোড, কলিকাতা-১৯ সাকিনের নিবাসী ১। শ্রী ইন্দুনীল রায় ও ২। শ্রী ইন্দিবর রায়, উভয়ের পিতা মৃত ক্ষিতিশ চন্দ্র রায় মহাশয়দ্বয় তাহা বিগত ইংরাজী ১৯৬৫ সালের ২৮শে মে, তারিখে আলিপুর সাব-রেজিস্ট্রী অফিসের রেজিস্ট্রীকৃত ১ নং বহির ১০০ নং ভল্যুমের ৪৫ হইতে ৫৪ নং পৃষ্ঠায় লিপিবদ্ধ ৪৫৩৩ নং একবেতা সাফ বিক্রয় কোবালা দলিল মূলে খরিদ করিয়া উক্ত সম্পত্তির মালিক দখলীকার নিযুক্ত হইয়া তাহা ভোগ দখল করিতে থাকেন।

তৎপর উক্ত বাদেরায়পুর মৌজার উক্ত বর্ণিত সাবেক ৬৭, হাল ৩৬৩ নং

5000Rs.



খতিয়ানের অধীন সাবেক ও হাল ৬৫০ নং দাগের পূর্ব্বে বর্ণিত উপর শরিকগণ যথাক্রমে জুদি বিবির প্রাপ্ত .০০৬১½ শতক, মাহমুদা বিবির প্রাপ্ত .০০৬১½ শতক, হোসেন আরা বেগমের প্রাপ্ত .০০৬১½ শতক ও আনোয়ারা বেগমের প্রাপ্ত .০০৬১½ শতক মোট কমবেশ .০২৪৪ শতক জমি তাহারা চার শরিক একযোগে বিক্রয় করার ঘোষণা করিলে তাহাও উক্ত বর্ণিত ১। শ্রী ইন্দুনীল রায় ও ২। শ্রী ইন্দিবর রায় মহাশয়দ্বয় অর্থাৎ এই কোবালা দাতা আমার পূর্ব্বাধিকারীগণ বিগত ইংরাজী ১৯৬৫ সনের বেহালা সাব-রেজিস্ট্রী অফিসের রেজিস্ট্রীকৃত ১ নং বহির ৬৮ নং ভল্যুমের ৩০ হইতে ৩৯ নং পৃষ্ঠায় লিপিবদ্ধ ৩৬৭৫ নং একক্তো সাফ বিক্রয় কোবালা দলিল মূলে খরিদ করিয়া উক্ত সম্পত্তির মালিক দখলীকার নিযুক্ত হইয়া তাহা ভোগ দখল করিতে থাকেন।

তৎপর উক্ত বাদেরায়পুর মৌজার সাবেক ৩৭, হাল ৩৩ নং খতিয়ানের অধীন সাবেক ও হাল ৬৫০ নং দাগের এবং হাল ৩০৪ নং খতিয়ানের অধীন $\frac{৬৪৭}{৬৯২}$ নং দাগের মোট উক্ত দুইটি খতিয়ানের অধীন দুইটি দাগের ৫ পাঁচ কাঠা ৯ নয় ছটাক জমি এই কোবালা দাতা আমার পূর্ব্বাধিকারীগণ উল্লিখিত ইন্দুনীল রায় ও শ্রী ইন্দিবর রায় মহাশয়দ্বয় উল্লিখিত শ্রী কালীনারায়ণ ভট্টাচার্য্য, শ্রী বিমলেন্দু গুহ ও শ্রী সুবোধ চন্দ্র চন্দ মহাশয়গণের নিকট হইতে খরিদ করেন এবং উক্ত বাদেরায়পুর মৌজার সাবেক ও হাল ৬৫০ নং দাগের কমবেশ ১ এক কাঠা ২ দুই ছটাক ১০ দশ স্কোয়ার ফুট জমির উপর শরিকগণ জুদি বিবি, মাহমুদা বিবি,

।২০।

হোসেন আরা বেগম ও আনোয়ারা বেগম মহাশয়াগণের নিকট হইতে খরিদ করিয়া তাহাতে যৌথ ভাবে এজমালী তে মালিক দখলীকার হিসাবে ভোগ দখলীকার থাকেন।

অতঃপর উক্ত শ্রী ইন্দুনীল রায় ও শ্রী ইন্দিবর রায় মহাশয়দ্বয় উক্ত প্রকারে উক্ত দুইকেতা পৃথক পৃথক কোবালা দলিল মূলে উক্ত বাদেরায়পুর মৌজার সাবেক ৬৭, হাল ৩২০ নং খতিয়ানের সাবেক ও হাল ৬৩৩ নং দাগের ৪ চার কাঠা ১৪ চৌদ্দ ছটাক ৩৫ পঁয়ত্রিশ স্কোয়ার ফুট ও ১ এক কাঠা ২ দুই ছটাক ১০ দশ স্কোয়ার ফুট মোট ৬ ছয় কাঠা ১ এক ছটাক এবং হাল ৩৩৪ নং খতিয়ানের অধীন ৬৪৭/৬১২ নং দাগের ১০ দশ ছটাক ১০ দশ স্কোয়ার ফুট মোট উক্ত বর্ণিত দুইটি খতিয়ানের অধীন দুইটি দাগের মোট ৬ ছয় কাঠা ১১ এগার ছটাক ২০ দশ স্কোয়ার ফুট জমির মালিক দখলীকার হিসাবে এজমালী তে ভোগ দখল করিতে থাকা অবস্থায় তাহাদের এককালীন কিছু নগদ অর্থের আবশ্যক হওয়ায় তাহারা একযোগে তাহাদের উক্ত বর্ণিত খরিদা স্বত্ব দখলীয় ৬ ছয় কাঠা ১১ এগার ছটাক ১০ দশ স্কোয়ার ফুট বাস্তু জমি বিক্রয় করার ঘোষণা করিলে আমি উক্ত কোবালা দাতা তাহা বিগত ইংরাজী ১৯৭৪ সালের সম্পাদিত ও আলিপুর সাবরেজিস্ট্রী অফিসের রেজিস্ট্রীকৃত ১ নং বহির      নং ভল্যুমের      হইতে      নং পৃষ্ঠায় লিপিবদ্ধ ৪১১৮ নং একেতা সাফ বিক্রয় কোবালা দলিল মূলে খরিদ করিয়া উহার উপর একটি বারান্দা সহ তিনটি বেডরুম, দুইটি বাথরুম একটি রান্না ঘর বিশিষ্ট একতল

5000Rs.

পাকা ঘর নির্মাণ করিয়া তৎকালীন যাদবপুর মিউনিসিপ্যালিটী তে আমার নিজ নাম পত্তন করাইয়া ধার্য্য ট্যাক্সাদি আদায়ে নিজ খাস দখলে রাখিয়া এযাবৎকাল উক্ত সম্পত্তি মায় গৃহাদির মালিক দখলীকার হইতেছি ও আছি।

ক্ষণে আমার নানাবিধ বৈধ ও সঙ্গত কারণে এককালীন কিছু নগদ অর্থের আবশ্যক হওয়ায় আমার উক্ত বর্ণিত খরিদা স্বত্ব দখলীয় ৬ ছয় কাঠা ১১ এগার ছটাক ১০ দশ স্কোয়ার ফুট বাস্তু জমি মায় তদুপরিস্থিত একটি পাকা একতল ঘর মায় সর্ব্ব প্রকারের ব্যবহারিক ও ইজমেন্ট স্বত্বাদি সহ বিক্রয় করার ঘোষণা করিলে আপনি এই কোবালা গ্রহিতা তাহা অবগত হইয়া উক্ত সম্পত্তি মায় গৃহাদি বর্তমানে বাজারোচিত সর্ব্বোচ্চ মবলগে ১,৯০,০০০.০০ একলাখ নব্বই হাজার টাকা পণ মূল্যে খরিদ করিতে ইচ্ছুক হইয়া আমার নিকট প্রকাশ ও প্রস্তাব করিলে আমি আপনার প্রস্তাবে এবং প্রস্তাবিত মূল্যে সম্মত ও স্বীকৃত হইয়া অদ্য কার তারিখে আমি উক্ত ধার্য্য পণ মূল্যের সমুদয় মবলগে ১,৯০,০০০.০০ একলাখ নব্বই হাজার টাকা আপনার নিকট হইতে নিম্ন তায়দাদ মত গ্রহণ করিয়া এবং এতদ্বারা তাহার প্রাপ্তি স্বীকারে এই নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা দলিল আপনার নাম বরাবর যথারীতি সহি সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিয়া এতদ্বারা স্বীকার, অঙ্গীকার, প্রকাশ ও প্রচার করিতেছি যে,-

উপরোক্ত ও নিম্নের তপশীলে বিশেষ ভাবে বর্ণিত সম্পত্তি এই কোবালা দলিল মূলে আপনাকে সাফ বিক্রয় করিয়া দিয়া উক্ত বিক্রীত সম্পত্তি মায় গৃহাদি

5000Rs.

।২২।

হইতে আমি মায় আমার পুত্র, পৌত্রাদি, ওয়ারিশানগণক্রমে একালীন চিরকালের জন্য নিঃস্বত্ব ও দখলীচ্যুত হইলাম এবং উক্ত ও নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তির উপর এযাবৎকাল আমার যে সকল স্বত্ব, স্বামিত্ব, সংস্রব, লভ্য, দখল, হক-হকিয়ৎতাদি, দাবী-দাওয়া ইত্যাদি ছিল বা আছে তৎসমুদয় অদ্যকার তারিখের এই কোবালা দলিলের বনিয়াদে আমা হইতে একালীন চিরকালের জন্য সম্পূর্ণ রদ, রহিত, লুপ্ত ও ধ্বংস হইয়া আপনার প্রতি সম্পূর্ণরূপে ষোল আনা রকম অংশে নির্ব্যূঢ় স্বত্বে বর্ত্তিল বা অর্পিল। আপনি অদ্য হইতে উপরোক্ত ও নিম্ন তপশীলস্থ জমির দখলাদি গ্রহণ করতঃ উক্ত সম্পত্তির দরুন আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান ও মালিক দখলীকার নিযুক্ত হইয়া মালিক সেরেস্তায়-কালেক্টারীতে, বর্ত্তমানে দি কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনে, কলিকাতা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশনে ও আপনার প্রয়োজনীয় অন্যান্য যে কোন স্থানে আমার নামের পরিবর্ত্তে আপনার নিজ নাম পত্তন পূর্ব্বক নির্দ্ধারিত খাজনা ও ট্যাক্সাদি আদায়ে আপনি মায় আপনার পুত্র পৌত্রাদি, ওয়ারিশানগণ ও স্থলাভিষিক্তগণক্রমে দান, বিক্রয়, বন্ধকাদি, বিলি, পত্তনাদি সর্ব্ব প্রকারের হস্তান্তরের দ্বারা আমার তুল্য ক্ষমতা পরিচালনে যদৃচ্ছা গৃহাদি নির্ম্মাণে সর্ব্ব প্রকারের অবস্থান্তরের ও রূপান্তরাদির দ্বারা আপনার সার্ব্বভৌম ক্ষমতা পরিচালনে যদৃচ্ছামত ব্যবহারে পরম সুখে নির্ব্যূঢ় স্বত্বে ভোগ দখল করিতে থাকুন। তাহাতে ভবিষ্যতে আমি বা আমার পুত্র, পৌত্রাদি বা অন্য কোন ওয়ারিশানগণক্রমে কিম্বা আমার পক্ষে অপর কেহ কস্মিনকালেও এই বিক্রীত

।২০।

সম্পত্তির দরুন কোন প্রকার ওজর আপত্তি বা দাবী দাওয়া করিতে পারিব না ও পারিবেক না । যদি করি বা কেহ করে তবে ঐ প্রকারের যে কোন আপত্তি সর্ব্ব আদালতে, অফিসে বা সালিশীতে সর্ব্বত্র সর্ব্বদা বাতিল, রদ, অগ্রাহ্য ও না-মঞ্জুর বলিয়া গণ্য হইবে ।

প্রকাশ থাকে যে, বিক্রীত সম্পত্তি আমি ইতিপূর্ব্বে অন্য কাহারও নিকট দান, বিক্রয়, লীজ, বায়না, এগ্রিমেন্ট, চার্জ্জ, সিকিউরিটি ইত্যাদির দ্বারা বা অন্য কোন প্রকারে কোন প্রকার ঘটনাদির দ্বারা কোন পাবলিকের নিকট বা কোন প্রকার সরকারী, আধা-সরকারী বা বে-সরকারী প্রতিষ্ঠানের নিকট হস্তান্তর বা দায়াবদ্ধ করিয়া রাখি নাই বা ঐরূপ করিব বলিয়াও আপনি ভিন্ন অন্য কাহারও সহিত কোন প্রকার লিখিত বা মৌখিক চুক্তিতে আবদ্ধ হই নাই । উক্ত বিক্রীত সম্পত্তিতে আমি ভিন্ন আমার অপর কোন শরিক, অংশীদার বা দাবীদার নাই বা উহা কাহারও জামানতে বা খোরপোষের দায়ে বা কোন দেবসেবার জন্য চার্জ্জ যুক্ত আটক বা আবদ্ধ নাই বা উহাতে কোন লিয়েন চার্জ্জ নাই । বিক্রীত সম্পত্তি সম্পর্কে কোন আদালতে কোন প্রকারের মূল মোকদ্দমা, ছানী, আপীল বা জারির প্রসিডিং দায়ের বা চলতি নাই বা উহাতে কোন ক্রোক, ডিক্রী, নিষেধাজ্ঞা প্রচারিত নাই কিম্বা বিক্রীত সম্পত্তি কোন সময়ে নিলামে বিক্রয় হয় নাই । উক্ত বিক্রীত সম্পত্তি কোন উইল, ট্রাস্ট, অর্পন নামা বা কোন দেবত্তর ও পীরোত্তর ভুক্ত সম্পত্তি নহে বা উক্ত বিক্রীত সম্পত্তি আমি

ইতিপূর্ব্বে কোন দেবসেবায় বা কোন প্রকার জনহিতকর কার্য্যের জন্য কোন পাবলিক চ্যারিটিতে অর্পন করি নাই। বিক্রীত সম্পত্তি কোন সময়ে গভর্নমেন্ট বা কোন যৌথ কোম্পানী কিম্বা কোন পাবলিক বডি কর্ত্তৃক এ্যাকুইজিশান বা রিকুইজিশন হয় নাই বা কোন আইন মতে উহা সরকারে ভেষ্ট হয় নাই বা উহা কলিকাতা ইমপ্রুভমেন্ট ট্রাস্ট, মেট্রোপলিটন অথরিটি কিম্বা কর্পোরেশানের কোন স্কীম এ্যালাইনমেন্টে থাকার দরুন আমার প্রতি অদ্যাবধি কোন নোটিশ জারী হয় নাই বা ঐরূপ কোন বিষয়ে আমি অদ্যাবধি অবগত নহি। বিক্রীত সম্পত্তির কোন অংশে অপর কাহারও কোন প্রকার বর্ত্তা স্বত্ত বা ইজমেন্ট স্বত্বের বা ঐরূপ কোন স্বত্বের দাবী নাই। বিক্রীত সম্পত্তি সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ এবং আমি ষোল আনা ক্রয় অংশের নির্ব্যূঢ় স্বত্বের মালিক দখলীকার এবং আমার বিক্রয় যোগ্য উত্তম স্বত্ত বিদ্যমান থাকা অবস্থায় উক্ত সম্পত্তি আপনার অনুকূলে বিক্রয় করিয়া দিয়া বিক্রীত সম্পত্তি হইতে আমি মায় আমার ওয়ারিশানগণক্রমে একালীন চিরতরের জন্য নিঃস্বত্ব ও দখলীচ্যুত হইলাম এবং অদ্যই আপনার অনুকূলে উহার খোলসা ভাবে খাস দখল পরিত্যাগ করিলাম।

ভবিষ্যতে যদি এই দলিলের মুসাবিদায় বা বিক্রীত সম্পত্তির তপশীল বর্ণনায় বা চৌহদ্দি নিরূপনে বা নক্সা অংকনে কোথাও কোনরূপ ভুল ভ্রান্তি প্রকাশ পায় এবং তাহার জন্য যদি এই দলিল দৃঢ়তর করার জন্য এই দলিলের পরিপ্রেক্ষিতে যদি কোন প্রকার সংশোধনীয় দলিল বা সাপ্লিমেন্টারী দলিল করার আবশ্যক হয় তবে

তাহা আপনার তলবমত আপনার খরচায় বিনা পণে, বেওজরে, বিনা আপত্তিতে, পুনরায় কোন পণ মূল্যের দাবী না করিয়া তাহাও আপনার নাম বরাবর যথারীতি সহি সম্পাদন ও রেজিস্ট্রী করিয়া দিতে আমি সহ আমার ওয়ারিশানগণক্রমে বাধ্য রহিলাম ও রহিল।

বিশেষ ভাবে প্রকাশ থাকে যে, যদি ভবিষ্যতে আমার উপরোক্ত উক্তি সমূহের কোন একটি উক্তি মিথ্যা, ভুক্তকথা, শঠতা বা বৈপরিত্য প্রকাশিত হয় এবং তাহার জন্য যদি আপনার খরিদা স্বত্ব বা দখলের হানী বা বিঘ্ন ঘটে তাহা হইলে আমি দেওয়ানী ও ফৌজদারী যে কোন সাব্যস্ত আইনের আমলে আসিতে বাধ্য রহিলাম। অধিকন্তু আমার প্রকাশিত স্বত্ব দখলের হীনতা বা ন্যূনতা প্রযুক্ত আপনার খরিদা স্বত্বের বা স্বার্থের হানী বা বিঘ্ন ঘটিলে পণের সমুদয় টাকা সহ আপনার যাবতীয় খরচ ও খরচাদি ক্ষতিপূরন সহ আপনাকে এককালীন ফেরৎ দিতে আমি সহ আমার ওয়ারিশানগণক্রমে বাধ্য রহিলাম ও রহিল।

এই কোবালা দাতা; এই দলিলের সমর্থনকারী দাতা আমার জ্যেষ্ঠ ভ্রাতা হইতেছেন এবং তিনি উক্ত সম্পত্তি খরিদা অবধি আমি নিজ তত্ত্বাবধানে রাখিয়া উহা দেখা-শুনা করিয়া আসিতেছি এবং বর্তমানে এই বিক্রয় আমার সমর্থনক্রমে সেই হইল। তাই এই দলিলে আমি কনফার্মিং পার্টি বা সমর্থনকারী দাতা হিসাবে সহি সম্পাদন করিলাম।

এতদর্থে সুস্থ শরীরে, সরল মনে, অন্যের বিনানুরোধে, স্বেচ্ছায়, স্বজ্ঞানে,

স্থির মস্তিস্কে এই দলিলখানি আদি অন্ত পাঠ করিয়া এবং ইহার মর্ম্ম ও ফলাফল সম্যক অবগত হইয়া এবং জানিয়া বুঝিয়া মায় পণ মুন্তের সম্মুখে স্বজ্ঞানে ১,৯০,০০০.০০ একলাখ নব্বই হাজার টাকা নিম্ন আয়ুক্ত গ্রহণ করিয়া এবং এতদ্বারা তাহার প্রাপ্তি স্বীকারে এই নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা দলিল আপনার নামে বরাবর যথারীতি সহি সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিলাম। ইতি সন ইংরাজী ১৯৯০ সালের ১২ই মার্চ, মোতাবেক বাংলা ১৩৯৬ সালের ২৭শে ফাল্গুন।

বিক্রীত সম্পত্তির তপশীল পরিচয় :-

******************************

জেলা দক্ষিণ ২৪ পরগণা, পরগণা খাসপুর, থানা সাবেক সদর টালিগঞ্জ, হাল যাদবপুর, সাবরেজিষ্ট্রী অফিস আলিপুর, বর্তমানে দি কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের ১০২ নং ওয়ার্ডের ২৩-নিউ সাউথ পার্ক, কাজী পাড়া, কলিকাতা-৯২ প্রেমিসেস ভুক্ত এই জেলা কালেক্টারীর ১৩৯ নং তৌজির, রে,সা, নং ২৯, জে, এল, নং ৩৪, মৌজা বাদেরায়পুর গ্রামের বিগত ডিষ্ট্রীক্ট সার্ভে সেটেলমেন্ট জরিপের ৬৭ এবং হাল রিভিসনাল সার্ভে সেটেলমেন্ট জরিপের ৩২৩ নং খতিয়ান অধীন সাবেক ডিষ্ট্রীক্ট সার্ভে সেটেলমেন্ট জরিপের ও হাল রিভিসনাল সার্ভে সেটেলমেন্ট জরিপের ৬৫০ নং দাগের .২৩ শতক বাস্তু জমির মধ্য হইতে আমার খরিদা স্বত্ব দখলীয় .০৯৯৪২ শতক বা স্থানীয় পরিমাপে কমবেশ ৬ ছয় কাঠা ১ : ছটাক বাস্তু জমি এবং উক্ত বাদেরায়পুর মৌজার হাল রিভিসনাল সার্ভে সেটেলমেন্ট জরিপের ৩৩৪ নং খতিয়ানের অধীন হাল ৬৪৭/৬৯২ নং দাগের .৩৪

T 1168 5000Rs.



বাস্তু জমির মধ্য হইতে আমার খরিদা স্বত্ব দখলীয় .৩১ শতক বা স্থানীয় পরিমাপে কমবেশ ১০ দশ ছটাক ১০ দশ স্কোয়ার ফুট বাস্তু জমি একুনে উক্ত বাদেরায়পুর মৌজার উক্ত দুইটি খতিয়ানের অধীন দুইটি দাগের আমার খরিদা কমবেশ ৬ ছয় কাঠা ১১ এগার ছটাক ১০ দশ স্কোয়ার ফুট বাস্তু জমি যায় তদুপরিস্থিত একটি বারান্দা সহ তিনটি বেডরুম, দুইটি বাথরুম, একটি রান্না ঘর বিশিষ্ট একতল পাকা গৃহাদি যায় যাবতীয় আকর আগলাতাদি ও সর্ব্ব প্রকারের ব্যবহারিক ও ইজমেন্ট স্বত্বাদি সহ এই কোবালার বিক্রীত সম্পত্তি হইতেছে। যাহা এত সহ গ্রথিত নক্শায় লাল রংয়ের বর্ডার দ্বারা সীমাকৃত ও সুচিহ্নিত করিয়া দেখান হইল। উহার হারাহারি বার্ষিক খাজনা কমবেশ ১.২৫ টাকা, যাহা বর্ত্তমানে পশ্চিম বঙ্গ রাজ্য সরকার পক্ষে দক্ষিণ ২৪ পরগণার কালেক্টার বাহাদুরের সেরেস্তায় দেওয়া হইতেছে।

বিক্রীত সম্পত্তির চৌহদ্দি :-

****************************

উত্তরে :- সি,এস, ৬৩৯ নং দাগের জমি।

দক্ষিণে :- ১৬' যোল ফুট প্রশস্থ কর্পোরেশান রোড।

পূর্ব্বে :- সি,এস, ৬৩২ ও ৬৩৩ নং দাগের জমি।

পশ্চিমে :- সি,এস, ৬৪১ ও ৬৪১ নং দাগের জমি ও ১২' বার ফুট প্রশস্থ রোড।



PLAN OF MOUJA BAGERHAT ... JADAVPUR AT PREMISES NO 28 NEW SOUTH PARK ... UNDER CALCUTTA MUNICIPAL CORPORATION


PORTION OF C.S AND R.S. DAG NO 650, KHATIAN NO C.S ... R.S 323, MEASURING OF LAND : 6KH 1CH 03SFT

PORTION OF R.S DAG NO 647/695, " " " : 0KH 10CH 10SFT

KHATIAN NO 304 — TOTAL AREA : 6KH 11CH 10SFT

SITE AREA SHOWN IN RED BORDER LINE

EXISTING BUILDING SHOWN IN YELLOW COLOUR




শ্রী- রথেন্দু কুমার- চক্রবর্তী

পক্ষে:- ...

শ্রী- ... কুমার- মুখার্জী

শ্রীরথেন্দু কুমার চক্রবর্তী

Pas ...

One plan pasted in

I

29

X 217

1168

1993

14/11/94

।২৮।

উপরোক্ত টাকার জমা :- শ্রী [illegible]

***********************

শ্রী ইংরাজী ১২/৩/১৯৯৩ তারিখের ইউনাইটেড ব্যাংক অফ ইন্ডিয়ার যাদবপুর শাখার নরেন্দ্র কুমার চক্রবর্তী মহাশয়ের নামে ওনার ৬৭১৪৮৩ নং একাউন্টের পে স্লিপ মারফত ১,৯০,০০০.০০ টাকা,

মবলগে একলাখ নব্বই হাজার টাকা বুঝিয়া পাইয়া সহি করিলাম ।

শ্রী - নরেন্দ্র - কুমার - চক্রবর্তী —

সাক্ষী :— [illegible]

শ্রী - মানস কুমার মুখার্জী

ইসাদী :-

---

১) মানস মুখার্জী
পি.৩/৯৯, লেক [illegible]
কলিকাতা - ৭১

২) সৌরিন্দ্র ঘোষ
২,৭/১ স্বামী বিবেকানন্দ রোড
পো: যাদবপুর, কলিকাতা—৩২.

মুসাবিদা কারক :-

---

Depak Mazumder

শ্রী দীপক কুমার মজুমদার
(এ্যাডভোকেট)।
আলিপুর পুলিশ কোর্ট ।
কলিকাতা-২৭ ।

---

টাইপ কারক :-

---

[signature]

শ্রী সুধীর কুমার দাস ।
আলিপুর পুলিশ কোর্ট ।
কলিকাতা-২৬ ।

---

Book No. I
Volume No. 29
Pages 192 to 217
Being No. 1168
for the year 2003